

পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ

কলকাতা জেলা কমিটি

সংঘের ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রবন্ধ প্রতিযোগিতা

নিয়মাবলী :

- ১। প্রবন্ধের বিষয়বস্তু : “ভারতবর্ষের ধারণা”/ “ভারত ভাবনা” (Idea of India)। ভাষা : বাঙলা । প্রবন্ধের মধ্যে ইংরেজি বা অন্য ভাষায় উদ্ধৃতি ব্যবহার করা যাবে। ইংরেজি ছাড়া অন্য ভাষায় উদ্ধৃতি ব্যবহার করলে, বাঙলায় অনুবাদ করে দিতে হবে।
- ২। শব্দ সংখ্যা : অনধিক ১৫০০
- ৩। প্রতিযোগিতাটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত । প্রতিযোগীর বয়স ন্যূনতম ১৮ হতে হবে। বয়সের উর্ধ্বসীমা নেই।
- ৪। কোনো প্রবেশমূল্য নেই।
- ৫। লেখা জমা দেওয়ার শেষ তারিখ : ১০ জুন ২০২২।
- ৫। পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘের কোনো পর্যায়ের কোনো কমিটি সদস্য প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না।
- ৬। শুধুমাত্র মৌলিক প্রবন্ধই বিবেচিত হবে। পূর্বে প্রকাশিত কোনো লেখা পাঠাবেন না।
- ৭। সাদা A-4 মাপের কাগজের একদিকে পরিষ্কার ভাবে হাতে লিখে অথবা কম্পিউটারে টাইপ করে লেখা পাঠাতে হবে। কাগজের দুদিকে লেখা থাকলে প্রবন্ধটি প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না।
- ৮। প্রবন্ধের শেষে প্রতিযোগীর নাম, ঠিকানা, ই-মেইল, ফোন নম্বর পরিষ্কার করে লিখতে হবে।
- ৯। কম্পিউটারে লেখা প্রবন্ধের কপি PDF করে পাঠাতে হবে। ওয়ার্ড বা এই জাতীয় ফাইল গৃহীত হবে না।
- ১০। জেলা পর্যায়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় - তিনটি পুরস্কার দেওয়া হবে। প্রতি জেলা থেকে প্রথম ও দ্বিতীয় হওয়া প্রবন্ধগুলি রাজ্য পর্যায়ের প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে।
- ১১। জেলা বা রাজ্য পর্যায়ে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোনো আলোচনা বা পত্রালাপ করা হবে না।
- ১২। প্রবন্ধ শুধুমাত্র জেলা দপ্তরেই পাঠাতে হবে। রাজ্য কমিটির ঠিকানায় কোনো লেখা পাঠাবেন না।
- ১৩। এই প্রতিযোগিতাটি সব জেলাতেই সংগঠিত হচ্ছে। অনুগ্রহ করে আপনার প্রবন্ধটি শুধুমাত্র একটি জেলাতেই পাঠান। একাধিক জেলাতে পাঠানো একই প্রবন্ধ, পুরস্কৃত হলেও, বাতিল করা হবে।
- ১৪। ডাক, কুরিয়ার, ই-মেল বা সরাসরি জেলা দপ্তরে হাতে হাতে জমা দেওয়া ছাড়া অন্য কোনো ভাবে পাঠানো প্রবন্ধ (Whatsapp, Messenger ইত্যাদি) বিবেচনার জন্য গৃহীত হবে না।
- ১৫। লেখার কপি রেখে পাঠাবেন । কোনো লেখার কপি ফেরত দেওয়া সম্ভব হবে না।
- ১৬। জেলা বা রাজ্য পর্যায়ে পুরস্কৃত লেখাগুলি সংগঠনের মুখখপত্র “সময়ের সংস্কৃতি” অথবা জেলা কমিটির প্রকাশিত পত্রিকায় বিভিন্ন সংখ্যায় প্রকাশিত হবে। কোন কোন লেখা কোথায় প্রকাশিত হবে সে বিষয়ে সংগঠনের সিদ্ধান্তই চূড়ান্ত।

১৭ | প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো বিষয়ে জেলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত ।

ই-মেল/ ডাক/কুরিয়ারে অথবা হাতে নীচের ঠিকানায় লেখা পাঠাতে হবে :

পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ, কলকাতা জেলা কমিটি, সি-৯-১০, বর্ণপরিচয় , কলেজ স্ট্রিট মার্কেট, কলকাতা ৭০০০০৭। দপ্তরে লেখা জমা দেওয়ার সময় : সোম, বুধ, শুক্রবার, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা। ইমেইল : kolkataganatantrik@gmail.com। ফোন : ৯৪৩২৩৬৫৪১২/ ৯২৩৯৩২০৪৪৪/ ৯০৬২১৫৭২৭৭/ ৯৯০৩১৫৬৭৩৮